Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

৪৪শ বর্ষ } রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—১৭ই পৌষ বুধবার ১৩৬৪ ইংরাজী 1st Jan. 1958 { ৩২শ সংখ্যা
১১ই পৌষ ১৮৭৯ শকাব্দ

**জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী**

বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ৫০ নয়া পয়সা। ২৲ দুই টাকার কম মূল্যে কোন বিজ্ঞাপন প্রকাশিত হয় না। স্থায়ী বিজ্ঞাপনের দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়।

ইংরাজী বিজ্ঞাপনের চার্জ্জ বাংলার দ্বিগুণ

সডাক বার্ষিক মূল্য ২৲ টাকা ২৫ নয়া পয়সা

নগদ মূল্য ছয় নয়া পয়সা

শ্রীবিনয়কুমার পণ্ডিত, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ

**বহরমপুর এক্সরে ক্লিনিক**

জল গম্বুজের নিকট

পোঃ বহরমপুর ঃ মুর্শিদাবাদ

জেলার প্রথম বেসরকারী প্রচেষ্টা

★ বিশেষ যত্ন সহকারে রোগিদের এক্সরের সাহায্যে রোগ পরীক্ষা করিয়া ব্যবস্থা করা হয়।

★ যথা সত্বর কাজ করা আমাদের বিশেষত্ব।

★ কলিকাতার মত এক্সরে করা হয়।

★ দিবারাত্রি খোলা থাকে।

জেলাবাসীর সহানুভূতি ও সহযোগিতা প্রার্থনীয়।




হাতে কাটা

**বিশুদ্ধ পৈতা**

পণ্ডিত-প্রেসে পাইবেন।

## নিলামের ইস্তাহার

### চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালত
### নিলামের দিন ১৩ই জানুয়ারী ১৯৫৮

১৯৫৬ সালের ডিক্রীজারী

৩৬৭ থাং ডিঃ বিশ্বেশ্বর ঘোষাল দেং কৈবল্যদায়িনী দেবী দাবি ৯০ টাকা ৯৮ নঃ পঃ থানা রঘুনাথগঞ্জ মৌজে সাহেবনগর ৭-১৭ শতকের কাত ৪৫৫/১০ আঃ ৭০০৲ খঃ ১২৭

১৯৫৭ সালের ডিক্রীজারী

১৭৭ থাং ডিঃ অর্দ্ধেন্দুশেখর নাথ দিং দেং ললিতকুমার পাঁড়ে দাবি ১৪ টাকা ২৭ নঃ পঃ থানা স্থতী মৌজে ফতেউল্লাপুর ১-২ শতকের কাত ৫/১০ আঃ ১০৲ খঃ ৩১ স্থিতিবান স্বত্ব

১৭৮ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ২৪ টাকা ২৭ নঃ পঃ মৌজাদি ঐ ৪-৬৪ শতকের কাত ৫/৫ আঃ ১০৲ খঃ ১০৪ ঐ স্বত্ব

১৮০ থাং ডিঃ সহস্রাংশুকান্ত আচার্য্য দিং দেং আবদুল আজিজ সেথ দাবি ২৯ টাকা ৭৭ নঃ পঃ থানা স্থতী মৌজে নারায়ণপুর ১৷২৷০ জমির কাত ১॥৯ আঃ ১০৲ স্থিতিবান স্বত্ব

১৮১ থাং ডিঃ ঐ দেং এসরাইল মণ্ডল দাবি ২৭ টাকা ৬২ নঃ পঃ মৌজাদি ঐ ২৷২॥ জমির কাত ২॥৶৯ আঃ ১০৲ ঐ স্বত্ব

১৮৩ থাং ডিঃ ঐ দেং দোস্তমহাম্মদ মণ্ডল দাবি ৩৫ টাকা ৮৮ নঃ পঃ মৌজাদি ঐ ৩॥৩৫ জমির কাত ৪৶৬ আঃ ২০৲ ঐ স্বত্ব

১৮৫ থাং ডিঃ ঐ দেং ইউনুস আহাম্মদ সেখ দাবি ৩৭ টাকা ৬৪ নঃ পঃ থানা ঐ মৌজে ফতেপুর ৪/০ বিঘার কাত ৪॥০ আঃ ২০৲

১৮৬ থাং ডিঃ ঐ দেং খাবিরুদ্দিন সেথ দাবি ২৬ টাকা ৮ নঃ পঃ মৌজাদি ঐ ২/১৷৶ জমির কাত ২৷/৬ আঃ ১০৲ স্থিতিবান স্বত্ব

১৮৭ থাং ডিঃ ঐ দেং কলিমুদ্দিন মণ্ডল দাবি ২২ টাকা ৯৪ নঃ পঃ থানা ঐ মৌজে নারায়ণপুর ১॥২॥ জমির কাত ১৫/৩ আঃ ৫৲ ঐ স্বত্ব

১৩৬ থাং ডিঃ ধরমচাঁদ সেরাওগী দিং দেং বিনয়কৃষ্ণ চক্রবর্ত্তী দিং দাবি ৮৩ টাকা ৬১ নঃ পঃ থানা রঘুনাথগঞ্জ মৌজে দেউলি ১-৬ শতকের কাত ৫৫০ আঃ ১০০৲ খঃ ৬৬

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

# জঙ্গিপুর সংবাদ

১৭ই পৌষ বুধবার সন ১৩৬৪ সাল।

## ইংরাজী আটান্ন সাল

—•—

আজ হইতে ইংরাজী ১৯৫৮ সাল আরম্ভ হইল। বছর দুই আগে আমাদের অন্নের বিধাতা ভবিষ্যৎ-বাণী করিয়াছিলেন আটান্ন সাল হইতে আমাদের খাদ্যের অভাব হইবে না। তখন আমরা বলিয়া-ছিলাম মন্ত্রী মহাশয় ঠিক ব্যাকরণ অনুসারে এই কথা বলিয়াছেন। আমাদের প্রধান খাদ্যই আটা ও অন্ন। আটা আর অন্ন সন্ধি করিলে আটা+অন্ন =আটান্ন হয়। এই বাণীর পরও যে অন্নের তণ্ডুল দুষ্প্রাপ্য হইয়া উঠিতেছে, তজ্জন্য কয়েকজন ত্যাগী মন্ত্রী ভাত ছাড়িয়া আটা বা ময়দার রুটি বা লুচি খাইবেন। এই প্রতিজ্ঞা করিয়াছেন। এইবার বুঝিলাম "অন্ন" শব্দটি "অদ" ধাতু হইতে নিষ্পন্ন হইয়াছে বলিয়া যা খাওয়া যায় তারই নাম অন্ন বলা যায়। তাহা হইলে "আটা" ও অন্ন দুই শব্দে শুধু সন্ধি হইবে না। এই দুই শব্দে সমাসও হইবে। আটা এবং অন্ন হইতে পারে আটাই অন্ন অর্থাৎ একমাত্র খাদ্য হইবে। মন্ত্রীমহোদয়ের বাক্য এইভাবে ফলিয়া যাইবে। মুখ্য মন্ত্রী মহাশয়ও যুক্তি দিয়াছিলেন ভাত না খাইয়া পেঁপে বা অন্য ফল যেমন কলা খাইয়াও ক্ষুন্নিবৃত্তি করিলে ফলও পুষ্টিকর খাদ্য। যদি চাউল না মিলে তবে আটা, সামান্য গুড় ও কলা একত্রে চটকাইয়া সত্যনারায়ণ দেবের সিন্নির মত তৈরী করিয়া খাওয়া চলে। এতে কয়লার দাম লাগিবে না। সেই পয়সায় ফল খাওয়া চলিবে। সাধে ওঁরা অত টাকা মাসে বেতনও পান রাজদরবারে থাকেন, রাজবুদ্ধি ধরেন বলিয়াই তো।

---

## "চাইল্ড ইজ্ দি ফাদার অব্ ম্যান"

—•—

(ছেলেই মানুষের পিতা) স্কুলের ছাত্র অবস্থা হইতেই প্রাধান্যলাভ করিবার অভ্যাস করিতেছেন।

উত্তর ভারতে বিনা টিকিটে রেল ভ্রমণ এমন ব্যাপক হইয়া উঠিয়াছে যে, তিনটি রাজ্যের কাছে রেল কর্ত্তৃপক্ষ সাহায্য চাহিয়াছেন। দুঃখের বিষয় এই যে, উত্তরপ্রদেশ, বিহার এবং পাঞ্জাবের কতকাংশের মধ্য দিয়া যে সকল রেল যাতায়াত করে, প্রধানতঃ সেই সমস্ত রেলে বিনা টিকটে ভ্রমণকারীদের মধ্যে ছাত্রের সংখ্যাই সর্বাপেক্ষা বেশী। সেই জন্য সম্প্রতি বিহার গভর্ণমেণ্ট এবং রেলওয়ে বোর্ডের প্রতিনিধিদের এক সম্মিলিত পরামর্শ সভা হইয়া গিয়াছে। রেল কর্ত্তৃপক্ষ উত্তরপ্রদেশ এবং পাঞ্জাব গভর্ণমেণ্টের সঙ্গেও এ বিষয়ে পত্রালাপ করিয়াছেন। ফলে, উত্তরপ্রদেশের গভর্ণমেণ্ট রাজ্যের সমস্ত শিক্ষা প্রতিষ্ঠানের কর্ত্তৃ-পক্ষের কাছে ছাত্রদের বিনা টিকটে রেল ভ্রমণ বন্ধ করিবার জন্য সহযোগিতা চাহিয়াছেন। রেল কর্ত্তৃপক্ষ নিজেরাই অন্যান্য রাজ্যের শিক্ষা কর্ত্তৃপক্ষকে পত্র দিয়াছেন। বিহারে এই অবাঞ্ছিত প্রথার লোপের জন্য প্রচারকার্য্যও আরম্ভ হইয়াছে।

বিহার ও উত্তর প্রদেশের ছাত্রেরা জানেন যে তাঁহারা প্রাপ্ত বয়স্ক হইয়া নিশ্চয় তাঁহাদের প্রদেশের বর্ত্তমান শীর্ষ স্থানীয় ব্যক্তিগণের মত প্রবল প্রতাপ-শালী হইবেন। পাঞ্জাবীরা যেমন শক্তিমান তাঁহাদের বালকেরা আমাদের দেশের ছেলেদের মত নন। তাঁহারা জানেন বল বল বাহুর বল।

আজ যদি স্বর্গত মাইকেল মধুসূদনের মত বিহারী কবি বা উত্তর প্রদেশীয় কবি থাকিতেন তবে মাইকেল যেমন রাবণের পুত্রবধূ প্রমীলার মুখ দিয়া বলাইয়াছিলেন—

রাবণ শ্বশুর মোর মেঘনাদ স্বামী
আমি কি ডরাই দেখে ভিখারী রাঘবে!

বিহারের বা উত্তর প্রদেশের কবি ছাত্রদের মুখ দিয়া বলাইতেন—

রাষ্ট্রপতি—বিহার-বিহারী,
রেল মন্ত্রী তাই!
উত্তর প্রদেশ-রত্ন স্বরাষ্ট্র সচিব
মোরা কি ডরাই দেখে টিকিট চেকারে।

---

## পুতুল নাচের পুনরুদ্ধার

ভারত সরকার নিখিল ভারত কারুশিল্প বোর্ডের সুপারিশক্রমে প্রাচীন পুতুল নাচ শিল্পের পুনরু-দ্ধারের একটি পরিকল্পনা মঞ্জুর করিয়াছেন। পুতুল নাচ ভারতের অন্যতম প্রাচীন চারুকলা। পুতুল নাচ যুগ যুগ ধরিয়া জনগণের চিত্ত বিনোদন করিয়াছে। ভারত সরকার পরিকল্পনাটি রূপায়নের জন্য নয়াদিল্লীর ভারতীয় কলা কেন্দ্রকে ২২ হাজার টাকা মঞ্জুর করিয়াছেন। —প্রেঃ ইঃ ব্যুঃ

---

## দশ বৎসর মেয়াদী ট্রেজারী সেভিংস ডিপজিট সার্টিফিকেট

ভারত সরকার ১৯৫৮ সনের ২রা জানুয়ারী হইতে প্রতিখানি ৫০ টাকা মূল্যের বার্ষিক শতকরা ৪ টাকা সুদের ১০ বৎসর মেয়াদী ট্রেজারী সেভিংস ডিপজিট সার্টিফিকেট বিক্রয় সুরু করিবেন। উহা ১০ বৎসর পরে সমমূল্যে ভাঙ্গান যাইবে। তবে ক্রেতাগণ ১২ মাস পরেও উহা ভাঙ্গাইতে পারিবেন। কিন্তু এই ক্ষেত্রে কিছু কম টাকা ফেরত পাওয়া যাইবে। তাহা ছাড়া, ভারত সরকার বর্ত্তমান বৎসরের ৩০শে ডিসেম্বরের পর বর্ত্তমান এ্যানুইটি সার্টিফিকেট বন্ধ করিয়া ১৯৫৮ সনের ২রা জানুয়ারী হইতে নূতন পর্য্যায়ের ১৫ বৎসর মেয়াদী এ্যানুইটি সার্টিফিকেট ইস্যু করিবেন।

—প্রেঃ ইঃ ব্যুঃ

---

## ২৬শে জানুয়ারী সবেতন ছুটী

ভারত সরকারের শ্রম ও নিয়োগ মন্ত্রণালয়ের নির্দেশানুযায়ী প্রতি বৎসর শ্রমিকদের ২৬শে জানুয়ারী তারিখে প্রজাতন্ত্র দিবসের অনুষ্ঠানাদিতে

যোগদানের জন্য সবেতন ছুটি দেওয়া হয়। এই বৎসরও ভারত সরকার সকল সরকারী শিল্প-কারখানার অধ্যক্ষদের অনুরূপ ব্যবস্থা গ্রহণ করিবার নির্দেশ দিয়াছেন। সরকার আশা করেন যে, অন্যান্য নিয়োগকারীরাও এই জাতীয় দিবসে শ্রমিকদের সবেতন ছুটি দিয়া সরকারের সহিত সহযোগিতা করিবেন। এই দিনের বিশেষ গুরুত্ব বিবেচনা করিয়া অনেক শিল্প প্রতিষ্ঠান ২৬শে জানুয়ারী তারিখকে তাহাদের সাধারণ ছুটির দিন বলিয়া গ্রহণ করিয়াছেন। কিন্তু যে সকল প্রতিষ্ঠান এখনও ঐরূপ ব্যবস্থা গ্রহণ করেন নাই তাহারাও উহাকে অতিরিক্ত সবেতন ছুটির দিন বলিয়া ঘোষণা করিবেন এবং তাহার বদলে অপর কোনও ছুটির দিনে শ্রমিকদের কাজে লাগাইবেন না বলিয়া সরকার আশা করেন। —প্রেঃ ইঃ ব্যুঃ

## ধান্য এবং চাউল সম্ভারের পাক্ষিক রিটার্ণ

যে সকল ব্যক্তি পশ্চিমবঙ্গ চাউল এবং ধান্য নিয়ন্ত্রণ আদেশ, ১৯৫৭, অনুসারে লাইসেন্সের জন্য আবেদন করিয়াছেন তাঁহারা সংশ্লিষ্ট নিয়মাবলী অনুসারে আবশ্যক সম্ভারের পাক্ষিক রিটার্ণ নিয়মিত ভাবে দাখিল করিতেছেন না বলিয়া দেখা গিয়াছে। লাইসেন্সের জন্য আবেদনকারী প্রত্যেক ব্যক্তিকে এতদ্দ্বারা পরামর্শ দেওয়া যাইতেছে যে সংশ্লিষ্ট এলাকার লাইসেন্স প্রদানকারী আধিকারিকের নিকট তাঁহারা যেন অন্যথা না করিয়া নিয়মিতভাবে পাক্ষিক রিটার্ণ দাখিল করেন; অন্যথায় লাইসেন্স দেওয়া হইবে না, বা বাতিল করা হইবে এবং তদুপরি পশ্চিমবঙ্গ চাউল এবং ধান্য নিয়ন্ত্রণ আদেশ, ১৯৫৭ অনুসারে বিহিত অন্য ব্যবস্থা অবলম্বন করা হইবে।

—প্রেসনোট

## আরও হস্তশিল্প শিক্ষণ কেন্দ্র স্থাপন

### কেন্দ্রীয় সাহায্য মঞ্জুর

দেশের বিভিন্ন স্থানে পুতুল, খেলনা প্রভৃতি বিষয়ে শিক্ষাদানের উদ্দেশ্যে ১৫টি হস্তশিল্প শিক্ষণ কেন্দ্র স্থাপন করা হইবে। নিখিল ভারত হস্তশিল্প পর্ষতের সুপারিশ অনুযায়ী এজন্য ৪ লক্ষ ৫০ হাজারেরও অধিক টাকা ঋণ ও সাহায্যরূপে মঞ্জুর করা হইয়াছে। আলোচ্য ১৫টি শিক্ষণ কেন্দ্রের মধ্যে পাঞ্জাবে তিনটি, বোম্বাইয়ে একটি, অন্ধ্রে একটি, মাদ্রাজে ছয়টি, কেরালায় তিনটি, ও ত্রিপুরায় একটি স্থাপিত হইবে।

পাঞ্জাবের নুরপুর, ধর্ম্মশালা ও কুলুতে তিনটি শিক্ষণ কেন্দ্রে বিভিন্ন শ্রেণীর পশমের বস্ত্রাদি বয়ন শিক্ষা দেওয়া হইবে। তাহা ছাড়া, নারী সমবায় সমিতিগুলির মারফতে হস্তশিল্পের উন্নয়নের জন্যও রাজ্য সরকারকে অর্থ সাহায্য দেওয়া হইয়াছে।

বোম্বাইয়ের কোলাপুরে একটি মাদুর বয়ন কেন্দ্র খোলা হইবে অন্ধ্রের মহবুবনগরে যে মাদুর বয়ন শিক্ষা কেন্দ্রটি আছে তাহাও চালু রাখা হইবে।

বাঁশের দ্রব্যাদি নির্ম্মাণ শিক্ষাদানের জন্য অন্ধ্রে একটি শিক্ষা ও উৎপাদন কেন্দ্র স্থাপিত হইবে।

তালের পাতার দ্রব্যাদি নির্ম্মাণ শিক্ষাদানের জন্য মাদ্রাজের পুলিকট নাগোর ও ইরোদের নিকটে তিনটি শিক্ষণ কেন্দ্র খোলা হইবে। কেরালায় অনুরূপ একটি কেন্দ্র খোলা হইবে। বিহারে ঐরূপ শিক্ষণ কেন্দ্র রহিয়াছে। প্রেঃ ইঃ ব্যুঃ

## ধূমপানের ফলে ক্যান্সার রোগ

ধূমপান বা দোক্তা খাওয়ার ফলে ক্যান্সার রোগ হয় কিনা সে সম্বন্ধে ভারতে পরীক্ষা করা হইয়াছে।

১৯৫০ সালে পরীক্ষা হইতে জানা যায় যে, নিউইয়র্ক বা লণ্ডনের তুলনায় বোম্বাইতে লোকের মুখের ভিতরে ক্যান্সার বেশী। বোম্বাইয়ের একটি হাসপাতালে ক্যান্সার রোগীদের শতকরা ৩৬ জনের মুখে এই রোগ দেখা যায়। কিন্তু নিউইয়র্ক ও লণ্ডনে এই ধরণের রোগীর হার যথাক্রমে শতকরা ১৬ ও ১৭ জন।

পরীক্ষার ফলে আরও জানা গিয়াছে যে, গালে ক্যান্সার হওয়ার অন্যতম কারণ হইল দোক্তা। বিড়ি ও দোক্তা খাইলে জিহ্বার পিছন দিকে ও গলার উপর দিকে ক্যান্সার হয়। আর বিড়ি ও সিগারেট খাইলে গলার নীচের দিকে এবং অন্ননালীর আশে পাশে ক্যান্সার হয়।

ভারতীয়দের মধ্যে ধূমপান ও দোক্তা খাওয়ার রেওয়াজ থাকার ফলে মুখ ও গলা দুইটি বিভিন্ন স্থানে ক্যান্সার হইয়া থাকে। ফুসফুসে ক্যান্সার হওয়া সম্পর্কে ইউরোপ ও আমেরিকায় পরীক্ষা করা হয়। এবং তাহাতে জানা যায় যে, সম্ভবতঃ অত্যধিক ধূমপানই ঐ সকল দেশে লোকের ফুসফুসে ক্যান্সার হওয়ার অন্যতম কারণ।

## নিলামের-ইস্তাহার

### চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালত নিলামের দিন ১৩ই জানুয়ারী ১৯৫৮

১৯৫৭ সালের ডিক্রীজারী

১৪০ থাং ডিঃ সিদ্ধেশ্বর বন্দ্যোপাধ্যায় দিং দেং দুলুরাণী দেবী দাবি ১৬ টাকা ২ নঃ পঃ থানা রঘুনাথগঞ্জ মৌজে বাড়ালা ৩৫ শতকের কাত ৷৹ আঃ ৫৲ খং ১৮৩০

২২৭ থাং ডিঃ অমানো বর্ম্মণ্যা দেং পটলচন্দ্র দে দাবি ৪২ টাকা ৬৬ নঃ পঃ থানা রঘুনাথগঞ্জ মৌজে নশিপুর ৫-৬২ শতকের কাত ৯৫৬ আঃ ৫৲ খং ৮৯

১৪৮ থাং ডিঃ ঐ দেং ভগবতী দেবী দাবি ৯২ টাকা ৯ নঃ পঃ থানা ঐ মৌজে তেঘরী ৫-৬২ শতকের কাত ৯৫৬ আঃ ৫৲ খং ৮৯

১৪২ থাং ডিঃ ঐ দেং সিদ্ধেশ্বর রায় দাবি ৩৯ টাকা ১৬ নঃ পঃ মৌজাদি ঐ ১-৩২ শতকের কাত ১০।৵৬ নিজাংশে ৪৷৵৮ আঃ ২০৲ খং ৫৮ স্থিতিবান স্বত্ব

১৯২ থাং ডিঃ সেবাইত গোবিন্দদাস নাথ দেং অমিয়মোহন রায় দিং দাবি ১১৯ টাকা ১২ নঃ পঃ থানা ও মৌজে রঘুনাথগঞ্জ ৭ শতকের কাত ১৲ আঃ ১০৲ খং ৪৯৫ দালান ঘর মায় কপাট, চৌকাঠ, তীর, জানালা ইত্যাদি সহ দখলকার বসত প্রজা। ২নং লাট মৌজাদি ঐ ২৫ শতকের কাত ২৪৲ আঃ ১০৲ খং ৪৯৩ দালান ঘর মায় তীর, জানালা, কপাট, চৌকাঠ ইত্যাদি সহ দখলকার বসত প্রজা

২৩০ থাং ডিঃ ঐ দেং কৈলাস ঘোষ দিং দাবি ১০৩ টাকা ৫১ নঃ পঃ থানা ঐ মৌজে সেকন্দরা ১৩-৩২ শতকের কাত ২০।৵৮ আঃ ৮০৲ খং ১৮৯ স্থিতিবান স্বত্ব



বিশ্বস্ততার প্রতীক

গত আশী বছর ধরে জবাকুসুম কেশ তৈল প্রস্তুতকারক হিসাবে সি, কে, সেনের নাম সবাই জানেন তাই খাঁটী আমলা তেল কিনতে হলে সি, কে, সেনের আমলা তেল কিনতে ভুলবেন না। সি, কে, সেনের আমলা তেল কেশবর্দ্ধক ও স্নায়ু স্নিগ্ধকর।

সি, কে, সেনের
**আমলা** কেশ তৈল

সি, কে, সেন এণ্ড কোং প্রাইভেট লিঃ
জবাকুসুম হাউস, কলিকাতা-১২



KA-10

## দি আর্ট ইউনিয়ন প্রিন্টিং ওয়ার্কস

৫৫।৭, গ্রে ষ্ট্রীট, পোঃ বিডন ষ্ট্রীট, কলিকাতা—৬
টেলিগ্রাম: "আর্টইউনিয়ম" টেলিফোন: বড়বাজার ৪১১

প্রাথমিক, মধ্য ও উচ্চ বিদ্যালয়ের
যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং
বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি ইত্যাদি
ও
ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়,
কো-অপারেটিভ রুরাল সোসাইটী, ব্যাঙ্কের
যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি
সর্ব্বদা সুলভ মূল্যে পাওয়া যায়
* * *
রবার ষ্ট্যাম্প অর্ডারমত যথাসময়ে প্রস্তুত ও ডেলিভারী হয়

আমেরিকায় আবিষ্কৃত
## ইলেকট্রিক সলিউসন
— দ্বারা —
## মরা মানুষ বাঁচাইবার উপায়ঃ—



আবিষ্কৃত হয় নাই সত্য কিন্তু যাঁহারা জটিল রোগে ভুগিয়া জ্যান্তে মরা হইয়া রহিয়াছেন, স্নায়বিক দৌর্ব্বল্য, যৌবনশক্তিহীনতা, স্বপ্নবিকার, প্রদর, অজীর্ণ, অম্ল, বহুমূত্র ও অন্যান্য প্রস্রাবদোষ, বাত, হিষ্টিরিয়া, সূতিকা, ধাতুপুষ্টি প্রভৃতিতে অব্যর্থ পরীক্ষা করুন! আমেরিকার সুবিখ্যাত ডাক্তার পেটাল সাহেবের আবিষ্কৃত তড়িৎশক্তিবলে প্রস্তুত ইলেকট্রিক সলিউসন' ঔষধের আশ্চর্য্য ফল দেখিয়া মন্ত্রমুগ্ধ হইবেন। প্রতি বৎসর অসংখ্য মুমূর্ষু রোগী নবজীবন লাভ করিতেছে। প্রতি শিশি ১॥ টাকা ও মাশুলাদি ১৶০ এক টাকা তিন আনা।

সোল এজেন্ট:—**ডাঃ ডি, ডি, হাজরা**
ফতেপুর, পোঃ—গার্ডেনরিচ, কলিকাতা—২৪

## অরবিন্দ এণ্ড সন্স

মহাবীরতলা পোঃ জঙ্গিপুর ( মুর্শিদাবাদ )

ঘড়ি, টর্চ, ফাউন্টেন পেন, চশমা, সেলাই মেসিনের পার্টস্, সাইকেলের পার্টস্ এখানে নূতন কিনিতে পাইবেন।

এখানে সকল প্রকার সেলাই মেসিন, সাইকেল, ফটো-ক্যামেরা, ঘড়ি, টর্চ, টাইপ রাইটার, গ্রামোফোন ও যাবতীয় মেসিনারী সুলভে সুন্দররূপে মেরামত করা হয়। পরীক্ষা প্রার্থনীয়।

রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক
সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত